# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 28 June, 2025

জুলাই সনদ ও ঘোষণাপত্র বাস্তবায়নের জন্য সরকারের প্রতিশ্রুতি দাবি করেছে জামায়াতে ইসলামী। দলটির পক্ষ থেকে জানানো হয়েছে, সরকারের এ বিষয়ে 'ধোঁয়াশাপূর্ণ' অবস্থানের অবসান হওয়া প্রয়োজন।

শনিবার (২৮ জুন) দুপুরে রাজধানীর মগবাজারে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান উপলক্ষে ১ জুলাই থেকে ৮ আগস্ট পর্যন্ত ঘোষিত কর্মসূচি তুলে ধরতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, "জুলাই সনদ সরকারের প্রতিশ্রুতি। এটি বাস্তবায়ন করতে হবে। জামায়াতে ইসলামীর সাত দফা দাবির মধ্যেও এ সনদ ও ঘোষণাপত্র বাস্তবায়নের কথা স্পষ্টভাবে বলা আছে।"

৫ আগস্ট সরকার জুলাই সনদ ঘোষণা করতে যাচ্ছে বলে শোনা গেলেও, বিষয়টি নিয়ে "ধোঁয়াশা" রয়েছে বলেও মন্তব্য করেন তিনি। "আমরা আশা করি না সরকার জনগণের আকাঙ্ক্ষার সঙ্গে এমন আচরণ করবে।জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের বার্ষিকী পালনের মধ্যেই আমরা সরকারের পক্ষ থেকে সিদ্ধান্ত প্রত্যাশা করছি,"– বলেন জামায়াত নেতা।

এ সময় জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও প্রচার বিভাগের সেক্রেটারি মতিউর রহমান আকন্দ

প্রমুখ উপস্থিত ছিলেন।

জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান জামায়াতে ইসলামী জুলাই সনদ ও ঘোষণাপত্র

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:15

URL: https://www.timestodaybd.com/politics/3861775807